

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

বিষয় : ২০০৮-০৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন

১। ভূমিকা :

১। ভূমিকা : ২০০৮-০৯ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা প্রতিবেদন

২। ২০০৮-০৯ অর্থবছরের এডিপি বরাদ্দ :

২০০৮-০৯ অর্থবছরের মূল এডিপিতে অন্তর্ভুক্ত ৯০৪টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ছিল ২৫,৬০০ কোটি টাকা। সংশোধিত এডিপিতে প্রকল্প সংখ্যা ১৩৬টি (১৫%) বৃদ্ধি পেয়ে ১,০৪০টিতে উন্নীত হলেও মোট বরাদ্দের পরিমাণ মূল এডিপি বরাদ্দ থেকে ২,৬০০ কোটি টাকা (১০%) হ্রাস পেয়ে ২৩,০০০ কোটিতে দাঁড়ায়। মূল এডিপিতে স্থানীয় মুদ্রার পরিমাণ ছিল ১৩,৬০০ কোটি টাকা (মোট বরাদ্দের ৫৩%) এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ছিল ১২,০০০ কোটি টাকা (মোট বরাদ্দের ৪৭%)। সংশোধিত এডিপিতে এ বরাদ্দ যথাক্রমে ৬% ও ১৫% হ্রাস পেয়ে ১২,৮০০ কোটি টাকা (সংশোধিত মোট বরাদ্দের ৫৬%) এবং ১০,২০০ কোটি টাকায় (সংশোধিত মোট বরাদ্দের ৪৪%) দাঁড়ায়। নিম্নে সারণী-১ এ মূল এডিপি ও সংশোধিত এডিপি বরাদ্দের তুলনামূলক চিত্র দেয়া হলো :

সারণী-১ : ২০০৮-০৯ অর্থবছরে মূল ও সংশোধিত এডিপি'র প্রকল্প সংখ্যা ও বরাদ্দের তুলনামূলক চিত্র

(কোটি টাকায়)


এডিপি	মোট প্রকল্প সংখ্যা	বরাদ্দ		
		মোট	স্থানীয় মুদ্রা (মোট বরাদ্দের %)	প্রকল্প সাহায্য (মোট বরাদ্দের %)
(১)	(২)	(৩)	(৪)	(৫)
মূল এডিপি	৯০৪	২৫,৬০০	১৩,৬০০ (৫৩%)	১২,০০০ (৪৭%)
সংশোধিত এডিপি	১,০৪০	২৩,০০০	১২,৮০০ (৫৬%)	১০,২০০ (৪৪%)
হ্রাস/বৃদ্ধি (-/+)	(+) ১৩৬	(-) ২,৬০০	(-) ৮০০	(-) ১৮০০
মূল এডিপির %	(+) ১৫%	(-) ১০%	(-) ৬%	(-) ১৫%

৩। গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান :

উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য দু'টি উৎস হতে অর্থের যোগান দেয়া হয়ে থাকে - (১) অভ্যন্তরীণ সম্পদ ও (২) বৈদেশিক সম্পদ। বৈদেশিক সম্পদের মধ্যে ঋণ এবং অনুদান হিসেবে প্রাপ্ত প্রকল্প সাহায্যসহ অন্যান্য সহায়তা যেমন, পণ্য সহায়তা, খাদ্য সহায়তা, বাজেট সাপোর্ট, বিশেষ উন্নয়ন সহায়তা/ঋণ, পলিসি ঋণ ইত্যাদি অন্তর্ভুক্ত। গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের অবদান নিম্নে 'বার চার্টে' দেখানো হলো।

লেখচিত্র-১ : গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে অভ্যন্তরীণ ও বৈদেশিক সম্পদের তুলনামূলক অবদান

(কোটি টাকায়)



সূত্র : কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।

উপর্যুক্ত চিত্র থেকে পরিলক্ষিত হয় যে, ২০০৪-০৫ ও ২০০৫-০৬ অর্থবছরসমূহে বৈদেশিক সহায়তার ওপর নির্ভরশীলতা মোটামুটি ৫০% এর মধ্যে স্থির ছিল। ২০০৬-০৭ অর্থবছরে বৈদেশিক সহায়তার ওপর নির্ভরশীলতা ৩% হ্রাস পায়। অপরপক্ষে, ২০০৭-০৮ ও ২০০৮-০৯ অর্থবছরে বৈদেশিক সহায়তা পুনরায় বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৬৫%। ৫৬% এ উন্নীত হয়।

৪। আর্থিক অগ্রগতি :

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে প্রাপ্ত ব্যয়ের তথ্যানুযায়ী দেখা যায় যে, প্রতিবেদনাধীন অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত মোট ২৩,০০০.০০ কোটি টাকার মধ্যে ব্যয় হয়েছে মোট ১৯,৭০০.৭৬ কোটি টাকা, যা মোট সংশোধিত বরাদ্দের ৮৬% (এডিপির জাতীয় গড় অগ্রগতি)। এর মধ্যে স্থানীয় মুদ্রা ব্যয় হয়েছে ১১,৮৭৩.১৪ কোটি টাকা, যা মোট সংশোধিত স্থানীয় মুদ্রা বরাদ্দের ৯৩%। স্থানীয় মুদ্রা ব্যয়ের হার

জাতীয় গড় ব্যয় হার (৮৬%) থেকে শতকরা ৭% বেশী। অন্যদিকে, প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৭,৮২৭.৬২ কোটি টাকা (সংশোধিত প্রকল্প সাহায্য বরাদ্দের ৭৭%)। প্রকল্প সাহায্য ব্যয়ের হার (৭৭%) জাতীয় গড় ব্যয়ের হার (৮৬%) থেকে ৯% কম। অর্থাৎ স্থানীয় মুদ্রার তুলনায় প্রকল্প সাহায্য ব্যয় কম হয়েছে। মোট ব্যয়িত ১৯,৭০০.৭৬ কোটি টাকার মধ্যে স্থানীয় মুদ্রা ও প্রকল্প সাহায্য ব্যয়ের অনুপাত ৬০ : ৪০। পূর্ববর্তী বছরেও এ অনুপাতের হার ছিল ৬০ : ৪০। ২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপির মোট বরাদ্দের তুলনায় মোট ব্যয় ৮৬% হলেও মূল এডিপিতে প্রদত্ত বরাদ্দের তুলনায় এ ব্যয়ের হার মাত্র ৭৭%। পূর্ববর্তী বছরে এ ব্যয়ের হার ছিল ৭০%। গত পাঁচ বছরের মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়ের তুলনামূলক বিবরণী সারণী-২ এবং লেখচিত্র-২ এ দেয়া হলো :


সারণী-২ : মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

অর্থবছর	মোট এডিপি বরাদ্দ		মোট ব্যয় ও এডিপি বরাদ্দের তুলনায় ব্যয়ের %		
	মূল	সংশোধিত	মোট ব্যয়	মূল বরাদ্দের %	সংশোধিত বরাদ্দের %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২০০৮-০৯	২৫৬০০	২৩০০০	১৯৭০১	৭৭%	৮৬%
২০০৭-০৮	২৬৫০০	২২৫০০	১৮৪৫৫	৭০%	৮২%
২০০৬-০৭	২৬০০০	২১৬০০	১৭৯১৭	৬৯%	৮৩%
২০০৫-০৬	২৪৫০০	২১৫০০	১৯৪৭৩	৭৯%	৯১%
২০০৪-০৫	২২০০০	২০৫০০	১৮৭৭১	৮৫%	৯২%

লেখচিত্র-২ : মূল ও সংশোধিত এডিপি বরাদ্দ এবং প্রকৃত ব্যয়ের চিত্র

(কোটি টাকায়)



৫। এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি :

২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের শ্রেণী ভিত্তিক সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতির চিত্র সারণী-৩ এ উপস্থাপন করা হলো :

সারণী-৩ : ২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপিতে শ্রেণী ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি

(কোটি টাকায়)

শ্রেণী ভিত্তিক কর্মসূচি/প্রকল্প সংখ্যা	সংশোধিত এডিপি : ২০০৮-০৯						বাস্তব** অগ্রগতি (%)
	বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)			
	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ (আরপিএ)	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ (আরপিএ)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
প্রধান/বিনিয়োগ প্রকল্প : ৭৮৯টি	১৯,৩৬৯.৫৭	১০,৮৬৩.৯৮	৮,৫০৫.৫৯ (৪৮৩৪.৭৯)	১,৭০২৭.০৫ (৮৮%)	১০,১১৩.৯২ (৯৩%)	৬,৯১৩.১৩ (৮১%) (২৯৯৭.২১) ৬২%	৮৪%
কারিগরি সহায়তা প্রকল্প : ১৯৪টি	১,১৯৬.৮২	৭৫.৫৫	১,১২১.২৭ (১৯৭.১৮)	৯০১.৩৯ (৭৫%)	৬২.৭০ (৮৩%)	৮৩৮.৬৯ ৭৫% (৫৫.০৯) ২৮%	৭৪%
জাপানী ঋণ মওকুফ সহায়তা প্রকল্প : ৫৭টি	১,১৪৬.৫৭	১,১৪৬.৫৭	--	৯৭৬.৪৯ (৮৫%)	৯৭৬.৪৯ (৮৫%)	--	৮৫%
থোক বরাদ্দ : ১১টি *	১,২৮৭.০৪	৭,১৩.৯০	৫৭৩.১৪ (--)	৭৯৫.৮৩ (৬২%)	৭২০.০৩ (১০১%)	৭৫.৮০ (১৩%)	৫২%
মোট : ১০৪০টি	২৩,০০০.০০	১২,৮০০.০০	১০,২০০.০০ (৫০৩১.৯৭)	১৯,৭০০.৭৬ (৮৬%)	১১,৮৭৩.১৪ (৯৩%)	৭,৮২৭.৬২ (৭৭%) (৩০৫২.৩০) ৬১%	৮২%

* মূল প্রকল্প ১০৪০টি + উপ-প্রকল্প ৮৫টি এবং থোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ মোট ১১৩৬টি ।

** বাস্তব অগ্রগতি তৌলমান পদ্ধতিতে (Weighted Average Method) নির্ণয় করা হয়েছে ।

সারণী-৩ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে, ২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপিতে,

- বিনিয়োগ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮৮%, যা জাতীয় গড় অগ্রগতি (৮৬%) অপেক্ষা ২% বেশী ;
- কারিগরি সহায়তা প্রকল্পের আর্থিক অগ্রগতির হার মাত্র ৭৫%, যা জাতীয় গড় অগ্রগতি (৮৬%) অপেক্ষা ১১% কম ;
- মোট অব্যয়িত ৩২৯৯.২৪ কোটি টাকার (মোট বরাদ্দের ১৪%) মধ্যে স্থানীয় মুদ্রার পরিমাণ ৯২৬.৮৬ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ২৮% এবং প্রকল্প সাহায্যের পরিমাণ ২,৩৭২.৩৮ কোটি টাকা, যা মোট অব্যয়িত অর্থের ৭২% ।

৬। ২০০৮-০৯ অর্থবছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ও ব্যয়ের বিবরণ :


২০০৮-০৯ অর্থবছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রদত্ত বরাদ্দ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের বিবরণ সারণী-৪ এবং লেখচিত্র-৩ এ উপস্থাপন করা হলো :

সারণী-৪ : ২০০৮-০৯ অর্থবছরসহ গত পাঁচ বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের বিবরণ

(কোটি টাকায়)

অর্থ বছর	প্রকল্প সংখ্যা	সংশোধিত এডিপি বরাদ্দ				ব্যয় (বরাদ্দের %)			
		মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাহায্য	সিডি/ভ্যাট	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাহায্য	সিডি/ভ্যাট
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০০৮-০৯	১০৪০	২৩০০০	১২৮০০	১০২০০	৫৯২	১৯৭০১ (৮৬%)	১১৮৭৩ (৯৩%)	৭৮২৮ (৭৭%)	৬৭ (১১%)
২০০৭-০৮	১০৫৮	২২৫০০	১৩৫৫০	৮৯৫০	৮২০	১৮৪৫৫ (৮২%)	১১৪৮০ (৮৫%)	৬৯৭৫ (৭৮%)	৫৬ (৭%)
২০০৬-০৭	১০৯৮	২১৬০০	১৩৬৫০	৭৯৫০	৬৭৫	১৭৯১৭ (৮৩%)	১১৭০৯ (৮৬%)	৬২০৮ (৭৮%)	১২২ (১৮%)
২০০৫-০৬	১০৮১	২১৫০০	১৪৩৭৫	৭১২৫	৬৬৯	১৯৪৭৩ (৯১%)	১৩২১৯ (৯২%)	৬২৫৪ (৮৮%)	৩৪৯ (৫২%)
২০০৪-০৫	১০১৫	২০৫০০	১৪৪৭৫	৬০২৫	১০১০	১৮৭৭১ (৯২%)	১৩১৬২ (৯১%)	৫৬০৯ (৯৩%)	৮৪২ (৮৩%)
পূর্ববর্তী চার বছরের গড় : (২০০৪-০৫ থেকে ২০০৭-০৮ পর্যন্ত)		২১৫২৫	১৪০১৩	৭৫১৩	৭৯৪	১৮৬৫৫ (৮৭%)	১২৩৯৩ (৮৮%)	৬২৬২ (৮৩%)	৩৪২ (৪৩%)

লেখচিত্র-৩ : ২০০৮-০৯ অর্থবছরসহ গত ৫ (পাঁচ) বছরের সংশোধিত এডিপিতে প্রদত্ত বরাদ্দ ও ব্যয়ের চিত্র



সারণী-৪ পর্যালোচনা করলে দেখা যায় যে, আলোচ্য ২০০৮-০৯ অর্থবছরে সংশোধিত এডিপিতে,

- আর্থিক অগ্রগতির হার মোট বরাদ্দের ৮৬%, যা পূর্ববর্তী চার বছরের গড় আর্থিক অগ্রগতির হারের (৮৭%) চেয়ে ১% কম এবং ২০০৪-০৫ অর্থবছরে অর্জিত সর্বোচ্চ আর্থিক অগ্রগতি (৯২%) থেকে ৬% কম;

- স্থানীয় মুদ্রা ব্যয়ের হার ৯৩%, যা পূর্ববর্তী চার বছরের স্থানীয় মুদ্রা ব্যয়ের গড় হার (৮৮%) অপেক্ষা ৫% বেশী;
- প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৭৭%, যা পূর্ববর্তী চার বছরের প্রকল্প সাহায্য ব্যয়ের গড় হার (৮৩%) অপেক্ষা ৬% কম এবং ২০০৪-০৫ অর্থবছরে অর্জিত সর্বোচ্চ প্রকল্প সাহায্য ব্যয়ের হার (৯৩%) থেকে ১৬% কম এবং
- সিডি/ভ্যাট খাতে আলোচ্য বছরে ব্যয় হয়েছে মাত্র ১১%, যা পূর্ববর্তী চার বছরের গড় সিডি/ভ্যাট ব্যয়ের হার (৪৩%) অপেক্ষা ৩২% কম। ২০০৭-০৮ অর্থবছরে এ হার ছিল মাত্র ৭%।

৭। এডিপি'র খাত ভিত্তিক বিনিয়োগ অগ্রগতি :

২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহকে মোট ১৭টি অর্থনৈতিক খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ১৭টি খাতের প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতির বিবরণ সারণী-৫ এ উপস্থাপন করা হলো। বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী- 'ক'তে সন্নিবেশিত।

সারণী-৫ : এডিপি'র খাত (১৭টি) ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি

(কোটি টাকায়)

ক্রঃ নং	এডিপি খাত	মোট প্রকল্প সংখ্যা	২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপি					
			বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)		
			মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১।	কৃষি	১৬৮	১৪০১.১০	৯৬৫.৭৬	৪৩৫.৩৪	১২৩৫.২০ (৮৮%)	৮৮৮.৪৫ (৯২%)	৩৪৬.৭৫ (৮০%)
২।	পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান	৭১	৩৫৮৪.০৬	১৯০২.৬৫	১৬৮১.৪১	৩২৭৬.৪৫ (৯১%)	১৭৬৯.৩০ (৯৩%)	১৫০৭.১৫ (৯০%)
৩।	পানি সম্পদ	৫১	৮৬২.৫৫	৫১৬.৭৩	৩৪৫.৮২	৮০৫.৭২ (৯৩%)	৪৯১.৬১ (৯৫%)	৩১৪.১১ (৯১%)
৪।	শিল্প	৩৬	৪৫০.৮৭	৩০৫.৬১	১৪৫.২৬	৪১২.৫৩ (৯২%)	২৯৫.৬০ (৯৭%)	১১৬.৯৩ (৮১%)
৫।	বিদ্যুৎ	৪৭	২৬৭৬.৫৭	১১৮৮.১৩	১৪৮৮.৪৪	২২৯৮.৭৩ (৮৬%)	১০২২.৭৬ (৮৬%)	১২৭৫.৯৮ (৮৬%)
৬।	তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ	৩০	১৯৯.৭০	৭০.৬৪	১২৯.০৬	২১০.৮৮ (১০৬%)	৬০.১৬ (৮৫%)	১৫০.৭২ (১১৭%)
৭।	পরিবহণ	১৭৪	২৫২৬.১৮	১৬৯৩.৪৫	৮৩২.৭৩	১৯৯৭.০৬ (৭৯%)	১৫৪৬.৭০ (৯১%)	৪৫০.৩৬ (৫৪%)
৮।	যোগাযোগ	২০	২৩০.৫৪	১৪০.৮৯	৮৯.৬৫	১৮৩.৯৫ (৮০%)	৯৯.৫৫ (৭১%)	৮৪.৪০ (৯৪%)
৯।	ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন	১৩৯	২৪৭৭.৩১	১৭৯৫.৮২	৬৮১.৪৯	২২৬৩.৬৫ (৯১%)	১৭০৪.৫৮ (৯৫%)	৫৫৯.০৭ (৮২%)
১০।	শিক্ষা ও ধর্ম	৯৫	৩২৪৯.৪৪	১৮৬৭.০৩	১৩৮২.৪১	৩১৫০.০৫ (৯৭%)	১৮৬১.০৯ (১০০%)	১২৮৮.৯৬ (৯৩%)
১১।	ক্রীড়া ও সংস্কৃতি	১৮	১০৩.১৭	১০২.১৫	১.০২	৭০.৫৯ (৬৮%)	৭০.৫২ (৬৯%)	০.০৮ (৮%)

(কোটি টাকায়)

ক্রঃ নং	এডিপি খাত	মোট প্রকল্প সংখ্যা	২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপি					
			বরাদ্দ			ব্যয় (বরাদ্দের %)		
			মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ	মোট	স্থানীয় মুদ্রা	প্রকল্প সাঃ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১২।	স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ	৩৫	২৭৪২.৫৮	১০৩৬.০০	১৭০৬.৫৮	২১১০.৭৬ (৭৭%)	৯৫৫.১৭ (৯২%)	১১৫৫.৫৯ (৬৮%)
১৩।	গণসংযোগ	৯	৩৯.০৯	৩৬.৩৪	২.৭৫	৯.৯৯ (২৬%)	৭.৭০ (২১%)	২.২৯ (৮৩%)
১৪।	সমাজ কল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন	৪৪	২২৯.৮৩	৮৬.২৬	১৪৩.৫৭	১৮৮.৬৮ (৮২%)	৭৫.০২ (৮৭%)	১১৩.৬৬ (৭৯%)
১৫।	জন-প্রশাসন	৬৬	৬৮২.৯৪	১৭৮.৬৪	৫০৪.৩০	৪৭৩.২৫ (৬৯%)	১২৩.৩৩ (৬৯%)	৩৪৯.৯২ (৬৯%)
১৬।	বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৯	১৪০.৪৩	১২০.০০	২০.৪৩	১২৩.৭৭ (৮৮%)	১০৮.৫৩ (৯০%)	১৫.২৫ (৭৫%)
১৭।	শ্রম ও কর্মসংস্থান	৮	১১৬.৬০	৮০.০০	৩৬.৬০	৯৩.৬৫ (৮০%)	৭৩.০৪ (৯১%)	২০.৬১ (৫৬%)
উপ-মোট :		১০৪০	২১৭১২.৯৬	১২০৮৬.১০	৯৬২৬.৮৬	১৮৯০৪.৯২ (৮৭%)	১১১৫৩.১০ (৯২%)	৭৭৫১.৮২ (৮১%)
থোক বরাদ্দ :		১১	১২৮৭.০৪	৭১৩.৯০	৫৭৩.১৪	৭৯৫.৮৩ (৬২%)	৭২০.০৩ (১০১%)	৭৫.৮০ (১৩%)
সর্বমোট :		১০৪০ *	২৩০০০.০০	১২৮০০.০০	১০২০০.০০	১৯৭০০.৭৬ (৮৬%)	১১৮৭৩.১৪ (৯৩%)	৭৮২৭.৬২ (৭৭%)

* মূল প্রকল্প ১০৪০টি + উপ-প্রকল্প ৮৫টি এবং থোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ মোট ১১৩৬টি।

২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপিভুক্ত খাত ভিত্তিক প্রকল্প সংখ্যা, বরাদ্দ এবং আর্থিক অগ্রগতি (সারণী-৫)
বিশ্লেষণে দেখা যায় যে,

- এডিপিভুক্ত ১৭টি খাতের মধ্যে ৯টি খাতের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৮৬%) সমান বা তদুর্ধ্ব। এ খাতগুলো হলো : তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ (১০৬%); শিক্ষা ও ধর্ম (৯৭%); পানি সম্পদ (৯৩%); শিল্প (৯২%); পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৯১%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৯১%); কৃষি (৮৮%); বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (৮৮%) এবং বিদ্যুৎ (৮৬%);
- সংশোধিত এডিপিতে সবচেয়ে বেশী বরাদ্দ (১৮৬৫৭.২৪ কোটি টাকা, মোট বরাদ্দের ৮১%) প্রাপ্ত ৭টি খাত হলো - পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৩৫৮৪.০৬ কোটি টাকা, মোট বরাদ্দের ১৬%); শিক্ষা ও ধর্ম (৩২৪৯.৪৪ কোটি টাকা, মোট বরাদ্দের ১৪%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ (২৭৪২.৫৮ কোটি টাকা, মোট বরাদ্দের ১২%); বিদ্যুৎ (২৬৭৬.৫৭ কোটি টাকা, মোট বরাদ্দের ১২%); পরিবহন (২৫২৬.১৮ কোটি টাকা, মোট বরাদ্দের ১১%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (২৪৭৭.৩১ কোটি টাকা, মোট বরাদ্দের ১১%) এবং কৃষি (১৪০১.১০ কোটি টাকা, মোট বরাদ্দের ৬%);

- বৃহৎ বরাদ্দপ্রাপ্ত ৭টি খাতে ব্যয়ের অগ্রগতি যথাক্রমে - পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান (৯১%); শিক্ষা ও ধর্ম (৯৭%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ (৭৭%); বিদ্যুৎ (৮৬%); পরিবহণ (৭৯%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন (৯১%) এবং কৃষি (৮৮%)। এ ৭টি খাতের সার্বিক গড় অগ্রগতি ৮৮%।
- উক্ত ৭টি খাতে অব্যয়িত মোট অর্থের পরিমাণ ২৩২৫.৩৪ কোটি টাকা (মোট এডিপি বরাদ্দের ১০%)। এর মধ্যে উল্লেখযোগ্য হলো - পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ৩০৭.৬১ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ৯%); শিক্ষা ও ধর্ম খাতে (৯৯.৩৯ কোটি টাকা, এ খাতে বরাদ্দের ৩%); স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে (৬৩১.৮২ কোটি টাকা, এ খাতে বরাদ্দের ২৩%); বিদ্যুৎ খাতে ৩৭৭.৮৪ কোটি টাকা (এ খাতে বরাদ্দের ১৪%); পরিবহণ খাতে (৫২৯.১২ কোটি টাকা, এ খাতে বরাদ্দের ২১%); ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন খাতে (২১৩.৬৬ কোটি টাকা, এ খাতে বরাদ্দের ৯%) এবং কৃষি খাতে (১৬৫.৯০ কোটি টাকা, এ খাতে বরাদ্দের ১২%);
- মূল এডিপির তুলনায় সংশোধিত এডিপিতে ১০% বরাদ্দ হ্রাস করার পরও স্থানীয় মুদ্রায় মোট অব্যয়িত অর্থের পরিমাণ ৯২৬.৮৬ কোটি টাকা। এর মধ্যে উল্লেখযোগ্য হলো - পরিবহণ খাতে ১৪৬.৭৫ কোটি টাকা; বিদ্যুৎ খাতে ১৬৫.৩৮ কোটি টাকা; ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন খাতে ৯১.২৪ কোটি টাকা এবং পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ১৩৩.৩৫ কোটি টাকা ;
- বরাদ্দের বিবেচনায় গুরুত্বপূর্ণ খাতের মধ্যে জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৮৬%) চেয়ে কম আর্থিক অগ্রগতি হয়েছে সমাজ কল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন খাতে (৮২%); শ্রম ও কর্মসংস্থান খাতে (৮০%); পরিবহণ খাতে (৭৯%) এবং স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে (৭৭%);
- সবচেয়ে কম অর্থ ব্যয় হয়েছে গণসংযোগ খাতে (২৬%); এর পরেই রয়েছে যথাক্রমে ক্রীড়া ও সংস্কৃতি (৬৮%) এবং জন-প্রশাসন (৬৯%) খাত।

৮। মন্ত্রণালয়/বিভাগভিত্তিক এডিপি বরাদ্দ ও ব্যয় :

- ৮.১ ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে ২০০৮-০৯ অর্থবছরের সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক আর্থিক অগ্রগতির চিত্র (অগ্রগতির নিম্ন-ক্রমানুসারে) সারণী-৫.১ এ দেখানো হলো। বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-‘খ’ তে সন্নিবেশিত।

সারণী-৫.১ : মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ২০০৮-০৯ অর্থবছরে প্রকল্প সংখ্যা, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা	বরাদ্দ			বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	আর্থিক অগ্রগতি মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) জাতীয় গড় (৮৬%) বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ২১টি মন্ত্রণালয়/বিভাগ						
০১।	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	৩০	১৯৯৭০.০০ ৭০৬৪.০০ ১২৯০৬.০০	২১০৮৭.৮৩ ৬০১৫.৫৫ ১৫০৭২.২৮	১০৬% ৮৫% ১১৭%	৯৭%

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০২।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	১৫	১১৬৫৪.০০ ২২৯৩.০০ ৯৩৬১.০০	১১৫৬৫.২৪ ২০৪৫.৭২ ৯৫১৯.৫২	৯৯% ৮৯% ১০২%	৭৯%
০৩।	শিল্প মন্ত্রণালয়	২০	৩০২৮৪.০০ ২৮৬১৬.০০ ১৬৬৮.০০	২৯৯৭৯.৫৫ ২৮৩৮২.৮৯ ১৫৯৬.৬৬	৯৯% ৯৯% ৯৬%	৮৯%
০৪।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	১১	২১১৩৭৯.০০ ১০৭১৯৫.০০ ১০৪১৮৪.০০	২০৫৫১১.৮৯ ১০৫৮৪২.১৫ ৯৯৬৬৯.৭৩	৯৭% ৯৯% ৯৬%	৯৯%
০৫।	শিক্ষা মন্ত্রণালয়	৬৬	৯৮৫৫৪.০০ ৬৪৯৯১.০০ ৩৩৫৬৩.০০	৯৫২০৯.৪০ ৬৬১৬৬.১৯ ২৯০৪৩.২১	৯৭% ১০২% ৮৭%	৮৭%
০৬।	নৌ-পরিবহণ মন্ত্রণালয়	২০	৮৯২০.০০ ৭৮০৬.০০ ১১১৪.০০	৮৫৯১.৫০ ৭৫৪৭.৫০ ১০৪৪.০০	৯৬% ৯৭% ৯৪%	৯৯%
০৭।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	১০	১২০৯৬.০০ ১১৬০২.০০ ৪৯৪.০০	১১৫৩৩.৫৩ ১১৩৫০.৫৩ ১৮৩.০০	৯৫% ৯৮% ৩৭%	৯৭%
০৮।	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৪	৩২২৯৮.০০ ১১২৪৬.০০ ২১০৫২.০০	৩০৭৭৫.৭৭ ১০৬৯৪.৩৫ ২০০৮১.৪২	৯৫% ৯৫% ৯৫%	৯৯%
০৯।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	১৯	৭১১৬২.০০ ৭১১৬২.০০ --	৬৭১৫৭.০৯ ৬৭১৫৭.০৯ --	৯৪% ৯৪% --	৯৫%
১০।	পানি সম্পদ মন্ত্রণালয়	৬২	৮৮০৮৬.০০ ৫৮৯২০.০০ ২৯১৬৬.০০	৮২৮০৫.৪২ ৫৫৭৪৬.৫৬ ২৭০৫৮.৮৫	৯৪% ৯৫% ৯৩%	৯২%
১১।	বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	২৪	১০৬০৯.০০ ১০১২৩.০০ ৪৮৬.০০	৯৯৬৭.০৪ ৯৬০৪.৪৭ ৩৬২.৫৭	৯৪% ৯৫% ৭৫%	৯৩%
১২।	স্থানীয় সরকার বিভাগ	১৪৯	৫২১৯৫৭.০০ ৩১৫৭৮৯.০০ ২০৬১৬৮.০০	৪৮৯১৪৪.৩০ ৩০৯৩৮২.৫১ ১৭৯৭৬১.৭৮	৯৪% ৯৮% ৮৭%	৯৫%
১৩।	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়	৪	২৪৫০.০০ ২৩০০.০০ ১৫০.০০	২২৭১.৪৭ ২২২২.৮৯ ৪৮.৫৮	৯৩% ৯৭% ৩২%	৯৯%
১৪।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	৬	২১৯৮.০০ ২৫২.০০ ১৯৪৬.০০	২০৩০.২৭ ১৩৪.৭৭ ১৮৯৫.৫০	৯২% ৫৩% ৯৭%	৯৪%
১৫।	বাণিজ্য মন্ত্রণালয়	৮	৮৪৮৫.০০ ৩৩৩.০০ ৮১৫২.০০	৭৬৮৯.৫২ ২২৫.০৩ ৭৪৬৪.৫০	৯১% ৬৮% ৯২%	৭৪%
১৬।	কৃষি মন্ত্রণালয়	৬৪	৭৭৪৫২.০০ ৫৭৮০৭.০০ ১৯৬৪৫.০০	৭০১৬২.১৭ ৫৪৬৪৪.৮৫ ১৫৫১৭.৩৩	৯১% ৯৫% ৭৯%	৯৪%

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৭।	পরিবেশ ও বন মন্ত্রণালয়	৩৫	৭১২৩.০০ ৩৪২৯.০০ ৩৬৯৪.০০	৬২৯২.৬৬ ৩১৫৯.৩২ ৩১৩৩.৩৪	৮৮% ৯২% ৮৫%	৮৮%
১৮।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩২	৪৬১২৫.০০ ৩৯৫৯০.০০ ৬৫৩৫.০০	৪০৪৫৫.৭৬ ৩৫৭৫৫.৬৯ ৪৭০০.০৭	৮৮% ৯০% ৭২%	৮৪%
১৯।	খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়	১১	১৯১০৮.০০ ১১৯৮০.০০ ৭১২৮.০০	১৬৪৯৫.১৪ ৯৯১৪.৪৯ ৬৫৮০.৬৫	৮৬% ৮৩% ৯২%	৬৬%
২০।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	৯	৩২৫৩.০০ ৩১৪০.০০ ১১৩.০০	২৮০৬.৫৯ ২৬৯৩.৮৭ ১১২.৭২	৮৬% ৮৬% ১০০%	৮১%
২১।	বিদ্যুৎ বিভাগ	৪৭	২৬৭৬৫৭.০০ ১১৮৮১৩.০০ ১৪৮৮৪৪.০০	২২৯৮৭৩.১১ ১০২২৭৫.৫২ ১২৭৫৯৭.৫৯	৮৬% ৮৬% ৮৬%	৬৭%
(খ) জাতীয় গড় ৮৬% এর কম কিন্তু ৭৫% বা তদুর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ১০টি মন্ত্রণালয়/বিভাগ						
২২।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	১৬	২৮৩৩২.০০ ৫৩৬৪.০০ ২২৯৬৮.০০	২৪২০৫.৮৭ ৪৯১৮.০২ ১৯২৮৭.৮৫	৮৫% ৯২% ৮৪%	৮৬%
২৩।	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	১৩	১৫৯৩০.০০ ৯৮১৪.০০ ৬১১৬.০০	১৩৪৯৮.৯৭ ৭৯০৮.১৬ ৫৫৯০.৮১	৮৫% ৮১% ৯১%	৭৭%
২৪।	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	৭	৪৫৩৩.০০ ১৪৬৮.০০ ৩০৬৫.০০	৩৭৯৭.৪৩ ১১৩৪.৩৬ ২৬৬৩.০৭	৮৪% ৭৭% ৮৭%	৭৮%
২৫।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	৯	৯৫৯৮.০০ ৭৫৪০.০০ ২০৫৮.০০	৮০০৫.৭৪ ৬৮৪৯.০১ ১১৫৬.৭৩	৮৩% ৯১% ৫৬%	৮৮%
২৬।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	১১	৩৩২০.০০ ২২৯৩.০০ ১০২৭.০০	২৭৩৯.৪৬ ২০৬৯.৭৪ ৬৬৯.৭২	৮৩% ৯০% ৬৫%	৭৩%
২৭।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	২	৪৯০৮.০০ ৩৬৫০.০০ ১২৫৮.০০	৪০২১.০০ ৩৪৩৬.০০ ৫৮৫.০০	৮২% ৯৪% ৪৭%	৯৫%
২৮।	সংস্থাপন মন্ত্রণালয়	৯	১১৫৪৮.০০ ৬৪১৩.০০ ৫১৩৫.০০	৮৯২২.৯৩ ৫৫৩২.৪২ ৩৩৯০.৫১	৭৭% ৮৬% ৬৬%	৭৩%
২৯।	যোগাযোগ মন্ত্রণালয়	১৪৭	২২৮০৯৭.০০ ১৪৬০৮৮.০০ ৮২০০৯.০০	১৭৫৮৯০.০০ ১৩২০১১.০০ ৪৩৮৭৯.০০	৭৭% ৯০% ৫৪%	৬৮%
৩০।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	১৯	২৬১৫০৪.০০ ৯৯০২৭.০০ ১৬২৪৭৭.০০	২০০৮৩০.১৮ ৯১৬৮৪.২৯ ১০৯১৪৫.৮৯	৭৭% ৯৩% ৬৭%	৭৬%

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৩১।	প্রতিরক্ষা মন্ত্রণালয়	১৩	৯৮৩০.০০ ৬৯৮১.০০ ২৮৪৯.০০	৭৩৭২.৩২ ৪৫২৩.৩২ ২৮৪৯.০০	৭৫% ৬৫% ১০০%	৮৩%
(গ) ৭৫% এর কম কিন্তু ৫০% বা তদুর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ১১টি মন্ত্রণালয়/বিভাগ						
৩২।	মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়	৪১	১৯৫৮৯.০০ ৯৭২৫.০০ ৯৮৬৪.০০	১৪৩৩৮.৯৮ ৮০৩১.১২ ৬৩০৭.৮৬	৭৩% ৮৩% ৬৪%	৬৭%
৩৩।	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)	৪	২৪১৫.০০ ১৮৫.০০ ২২৩০.০০	১৭৫৭.৫৪ ৬৭.৬৪ ১৬৮৯.৯০	৭৩% ৩৭% ৭৬%	৮৫%
৩৪।	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	১	২২২৮.০০ ৪৬০.০০ ১৭৬৮.০০	১৫৩৫.০০ ৪৫৫.০০ ১০৮০.০০	৬৯% ৯৯% ৬১%	৮৩%
৩৫।	বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়	৪	১৪৯৬১.০০ ২৪৪৯.০০ ১২৫১২.০০	১০২০২.৯৬ ৫০০.১৩ ৯৭০২.৮৩	৬৮% ২০% ৭৮%	৯২%
৩৬।	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	১২	৭৫৬৫.০০ ৭৪৬৩.০০ ১০২.০০	৪৭৮৭.৩১ ৪৭৭৯.৬৫ ৭.৬৬	৬৩% ৬৪% ৮%	৭২%
৩৭।	অর্থ বিভাগ	১২	১৭৯৯৯.০০ ১০৯৬.০০ ১৬৯০৩.০০	১০৬৭৬.০০ ১০৫৭.০০ ৯৬১৯.০০	৫৯% ৯৬% ৫৭%	৫৮%
৩৮।	সমাজ কল্যাণ মন্ত্রণালয়	২২	৯০৩৭.০০ ৫১২০.০০ ৩৯১৭.০০	৫৩৩২.৭৮ ৪৫৬৪.৭৮ ৭৬৮.০০	৫৯% ৮৯% ২০%	৫২%
৩৯।	দর্নীতি দমন কমিশন	১	২৩৬.০০ ২.০০ ২৩৪.০০	১৩৫.৩৯ ০.০০ ১৩৫.৩৯	৫৭% ০০% ৫৮%	৫০%
৪০।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	৩	৮৬২.০০ ৮৬২.০০ --	৪৭৯.২২ ৪৭৯.২২ --	৫৬% ৫৬% --	৫৩%
৪১।	মন্ত্রিপরিষদ বিভাগ	২	৪৪৩.০০ ৪৬.০০ ৩৯৭.০০	২৪৫.১২ ২৯.২৪ ২১৫.৮৮	৫৫% ৬৪% ৫৪%	১০০%
৪২।	প্রধানমন্ত্রীর কার্যালয়	৫	১৬৬৯৮.০০ ১২২৯২.০০ ৪৪০৬.০০	৮৫৯৮.৪৮ ৬১৫০.৬৬ ২৪৪৭.৮২	৫১% ৫০% ৫৬%	২১%
(ঘ) ৫০% এর নিম্নে ৫টি এবং শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন ১টি মন্ত্রণালয়সহ মোট ৬টি মন্ত্রণালয়/বিভাগ						
৪৩।	ভূমি মন্ত্রণালয়	৫	৬২৮৫.০০ ৫৯৯৩.০০ ২৯২.০০	২৭৭১.০০ ২৪৮০.০০ ২৯১.০০	৪৪% ৪১% ১০০%	৭০%
৪৪।	তথ্য মন্ত্রণালয়	১০	৪০০০.০০ ৩৬৩৪.০০ ৩৬৬.০০	১০৮৮.০৩ ৭৬৯.৯৪ ৩১৮.০৯	২৭% ২১% ৮৭%	২৬%

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগ	প্রকল্প সংখ্যা	বরাদ্দ	আর্থিক অগ্রগতি		বাস্তব** অগ্রগতি (%)
			মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	মোট স্থানীয় মুদ্রা প্রকল্প সাহায্য	বরাদ্দের শতকরা হার	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪৫।	পরিকল্পনা বিভাগ (বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা বরাদ্দসহ)	২১	৬৮৭০৯.০০ ৭৫৫৮.০০ ৬১১৫১.০০	১৭৩৯০.৬৩ ৬৯২১.০৯ ১০৪৬৯.৫৪	২৫% ৯২% ১৭%	৯%
৪৬।	বাংলাদেশ সরকারি কর্মকমিশন	১	১৫৭.০০ ০.০০ ১৫৭.০০	৩৮.০০ ০.০০ ৩৮.০০	২৪% ০% ২৪%	২৩%
৪৭।	সংসদ বিষয়ক সচিবালয়	২	৩৭০.০০ ০.০০ ৩৭০.০০	১০.১১ ০.০০ ১০.১১	৩% ০% ৩%	০%
৪৮।	পররাষ্ট্র মন্ত্রণালয়	২	২৬.০০ ২৬.০০ ০.০০	০.০০ ০.০০ ০.০০	০০% ০০% ০০%	০%
মোট :		১০৪০*	২৩০০০০০.০০ ১২৮০০০০.০০ ১০২০০০০.০০	১৯৭০০৭৫.৬৮ ১১৮৭৩১৩.৭৩ ৭৮২৭৬১.৯৫	৮৬% ৯৩% ৭৭%	৮২%

* মূল প্রকল্প ১০৪০টি + উপ-প্রকল্প ৮৫টি এবং থোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ মোট ১১৩৬টি।

** বাস্তব অগ্রগতি তৌলমান পদ্ধতি (Weighted Average Method) তে নির্ণয় করা হয়েছে।

সারণী-৫.১ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- সংশোধিত এডিপিতে জাতীয় গড়ের (৮৬%) সমান ও তদুর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন মন্ত্রণালয়/বিভাগ হলো ২১টি এবং অবশিষ্ট ২৭টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি জাতীয় গড়ের নীচে ;
- সার্বিক আর্থিক অগ্রগতি তথা জাতীয় গড় হার (৮৬%) এর নীচে আর্থিক অগ্রগতি সম্পন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো – পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (৮৫%); ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৮৫%); যোগাযোগ মন্ত্রণালয় (৭৭%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৭৭%) এবং মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় (৭৩%);
- বাস্তব অগ্রগতির জাতীয় গড় হার (৮২%) এর নীচে ভৌত অগ্রগতি সম্পন্ন মোট ২৪টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগগুলো হলো-মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় (৬৭%); যোগাযোগ মন্ত্রণালয় (৬৮%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৭৬%); ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৭৭%); বিদ্যুৎ বিভাগ (৬৭%); তথ্য মন্ত্রণালয় (২৬%) এবং প্রধানমন্ত্রীর কার্যালয়সহ (২১%) আরো কয়েকটি মন্ত্রণালয়। তন্মধ্যে ২টি মন্ত্রণালয়ের ভৌত অগ্রগতি শূন্য;
- আলোচ্য বছরে সংশোধিত এডিপিতে সংসদ বিষয়ক সচিবালয় এবং বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন –এ দুটি মন্ত্রণালয়/বিভাগে স্থানীয় মুদ্রা বরাদ্দ নেই। অবশিষ্ট ৪৬টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে স্থানীয় মুদ্রা ব্যবহারের ক্ষেত্রে ৩০টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৯৩%) অপেক্ষা কম অর্থ ব্যয় করতে পেরেছে। তন্মধ্যে উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হচ্ছে - পরিবেশ ও বন মন্ত্রণালয় (৯২%); জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ (৮৫%); খাদ্য ও দুর্ঘোণ ব্যবস্থাপনা মন্ত্রণালয় (৮৩%); মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়

(৮৩%); ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় (৮১%) এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (৭৭%)। স্থানীয় মুদ্রা কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-‘গ’-তে দেয়া হলো ;

- আলোচ্য বছরে ৩টি মন্ত্রণালয়ে (পররাষ্ট্র, মুক্তিযুদ্ধ বিষয়ক এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়) প্রকল্প সাহায্য বরাদ্দ নেই। প্রকল্প সাহায্য ব্যবহারের ক্ষেত্রে অবশিষ্ট ৪৫টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২২টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড় হার (৭৭%) অপেক্ষা কম অর্থ ব্যয় করেছে, এমন উল্লেখযোগ্য মন্ত্রণালয়/বিভাগগুলো হলো - যোগাযোগ মন্ত্রণালয় (৫৪%); প্রধানমন্ত্রীর কার্যালয় (৫৬%); স্বরাষ্ট্র মন্ত্রণালয় (৭২%) এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৬৭%)। প্রকল্প সাহায্য কম ব্যয় হওয়ার কারণসহ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-‘ঘ’-তে দেয়া হলো ;
- তুলনামূলকভাবে কম বরাদ্দ প্রাপ্ত ৬টি মন্ত্রণালয়/বিভাগের মোট আর্থিক অগ্রগতি জাতীয় গড় অগ্রগতির উর্ধ্বে তা হলো - পরিবেশ ও বন মন্ত্রণালয় (৮৮%); নৌ-পরিবহন মন্ত্রণালয় (৯৬%); বাণিজ্য মন্ত্রণালয় (৯১%); মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (৯৯%); অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (৯২%) এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (৯৩%);
- পররাষ্ট্র মন্ত্রণালয়ের আর্থিক অগ্রগতি শির্ষক | এরপর রয়েছে জাতীয় সংসদ সচিবালয় (৩%), পাবলিক সার্ভিস কমিশন (২৪%), পরিকল্পনা বিভাগ (থোকসহ) (২৫%) সহ অন্যান্য কয়েকটি মন্ত্রণালয়/বিভাগ।

৮.২ মূল এডিপি এবং সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী ৫.২ -এ তুলে ধরা হলো :

সারণী-৫.২ : ২০০৮-০৯ অর্থবছরে মূল ও সংশোধিত এডিপি বরাদ্দের বিপরীতে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	সংশোধিত প্রকল্প সংখ্যা	২০০৮-০৯ অর্থবছরের মোট এডিপি বরাদ্দ		মোট আর্থিক অগ্রগতি	আর্থিক অগ্রগতি হার		বাস্তব অগ্রগতি (%)
			মূল	সংশোধিত		মূল (মোট বরাদ্দের %)	সংশোধিত (মোট বরাদ্দের %)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১।	স্থানীয় সরকার বিভাগ	১৪৯	৫২০৮১১.০০	৫২১৯৫৭.০০	৪৮৯১৪৪.৩০	৯৪%	৯৪%	৯৫%
২।	বিদ্যুৎ বিভাগ	৪৭	৩৪৭৭৩১.০০	২৬৭৬৫৭.০০	২২৯৮৭৩.১১	৬৬%	৮৬%	৬৭%
৩।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	১৯	২৪১৬৪৩.০০	২৬১৫০৪.০০	২০০৮৩০.১৮	৮৩%	৭৭%	৭৬%
৪।	যোগাযোগ মন্ত্রণালয়	১৪৭	২৯৬২৫১.০০	২২৮০৯৭.০০	১৭৫৮৯০.০০	৫৯%	৭৭%	৬৮%
৫।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	১১	২৩৬৯৩৫.০০	২১১৩৭৯.০০	২০৫৫১১.৮৯	৮৭%	৯৭%	৯৯%
৬।	শিক্ষা মন্ত্রণালয়	৬৬	৮২৬০৫.০০	৯৮৫৫৪.০০	৯৫২০৯.৪০	১১৫%	৯৭%	৮৭%
৭।	পানি সম্পদ মন্ত্রণালয়	৬২	৮১৩৩১.০০	৮৮০৮৬.০০	৮২৮০৫.৪২	১০২%	৯৪%	৯২%
৮।	কৃষি মন্ত্রণালয়	৬৪	৮৯০৪৭.০০	৭৭৪৫২.০০	৭০১৬২.১৭	৭৯%	৯১%	৯৪%
৯।	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	১৯	৩১৯১২.০০	৭১১৬২.০০	৬৭১৫৭.০৯	২১০%	৯৪%	৯৫%
১০।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	৩২	৪৯৮৯৯.০০	৪৬১২৫.০০	৪০৪৫৫.৭৬	৮১%	৮৮%	৮৪%
	মোট :	৬১৬	১৯৭৮১৬৫.০০	১৮৭১৯৭৩.০০	১৬৫৭০৩৯.৩২	৮৪%	৮৯%	--

এডিপি বাস্তবায়নের সার্বিক অগ্রগতি মূলতঃ সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত এ ১০টি মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন সাফল্যের ওপর নির্ভরশীল। সারণী ৫.২ এর তথ্য পর্যালোচনায় দেখা যায় যে,

- ১০টি মন্ত্রণালয়/বিভাগের বরাদ্দ মোট সংশোধিত এডিপি বরাদ্দের ৮১%। উক্ত ১০টি মন্ত্রণালয়/বিভাগের সার্বিক আর্থিক অগ্রগতি ৮৯%, যা জাতীয় গড় আর্থিক অগ্রগতির (৮৬%) থেকে ৩% বেশী। এ সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৮টি মন্ত্রণালয়/বিভাগ সর্বোচ্চ (জাতীয় গড় অগ্রগতির সমান বা তদূর্ধ্ব) আর্থিক অগ্রগতি অর্জন করেছে;
- উল্লিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ২টি মন্ত্রণালয়/বিভাগ জাতীয় গড়ের নীচে আর্থিক অগ্রগতি অর্জন করেছে। এ দুটি মন্ত্রণালয় হলো-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (৭৭%) এবং যোগাযোগ মন্ত্রণালয় (৭৭%);
- বরাদ্দ ব্যবহারে সক্ষম না হওয়ায় উল্লিখিত ১০টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৫টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ কমাতে হয়েছে। তবে ৫টি মন্ত্রণালয়/বিভাগের সংশোধিত এডিপিতে বরাদ্দ বাড়ানো হয়েছে।
- ২০০৮-০৯ অর্থবছরে নিম্ন আর্থিক অগ্রগতি সম্পন্ন কয়েকটি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতির হারের বিবরণের সাথে একই মন্ত্রণালয়/বিভাগের গত দুইবছরের অগ্রগতির হারের তুলনামূলক চিত্র সারণী-৫.৩ এ দেয়া হলোঃ

সারণী-৫.৩ : ২০০৮-০৯ অর্থবছরে কম অগ্রগতি সম্পন্ন ১০টি মন্ত্রণালয়/বিভাগের ৩ বছরের অগ্রগতির চিত্র

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	আর্থিক অগ্রগতির হার		
		২০০৮-০৯	২০০৭-০৮	২০০৬-০৭
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	পররাষ্ট্র মন্ত্রণালয়	০%	০%	--
২।	সংসদ বিষয়ক সচিবালয়	৩%	৩৯%	৭৫%
৩।	বাংলাদেশ সরকারি কর্মকমিশন	২৪%	০%	৯৯%
৪।	পরিকল্পনা বিভাগ (থোক সহ)	২৫%	১৮%	১০%
৫।	তথ্য মন্ত্রণালয়	২৭%	৭৯%	৬৪%
৬।	ভূমি মন্ত্রণালয়	৪৪%	৫৬%	৭৪%
৭।	প্রধানমন্ত্রীর কার্যালয় (থোক বরাদ্দসহ)	৫১%	৮০%	৭৭%
৮।	মন্ত্রিপরিষদ বিভাগ	৫৫%	৯৩%	৬৯%
৯।	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	৫৬%	৫৪%	৪৯%
১০।	দক্ষিণী দমন কমিশন	৫৭%	৪০%	--

সারণী-৫.৩ পর্যালোচনায় দেখা যায় যে, এ ১০টি মন্ত্রণালয়/বিভাগ ২০০৮-০৯ অর্থবছরে সার্বিক আর্থিক অগ্রগতি ৮৬% অর্জন করতে সক্ষম হয়নি। এগুলোর মধ্যে বাংলাদেশ সরকারি কর্মকমিশন ও মন্ত্রিপরিষদ বিভাগ ছাড়া অবশিষ্ট ৮টি মন্ত্রণালয়/বিভাগের অগ্রগতি গত ২০০৭-০৮ ও ২০০৬-০৭ অর্থবছরেও সার্বিক অগ্রগতির (যথাক্রমে ৮২% ও ৮৩%) চেয়ে কম ছিল। অর্থাৎ বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, এ সব মন্ত্রণালয়/বিভাগের আর্থিক অগ্রগতি ক্রমাগত ৩ বছরেও সন্তোষজনক পর্যায়ে পৌঁছাতে পারেনি।

৯। প্রকল্প ভিত্তিক সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি :

২০০৮-০৯ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বরাদ্দকৃত অর্থের তুলনায় অর্জিত আর্থিক ও বাস্তব অগ্রগতির চিত্র সারণী-৬ ও ৭ -এ তুলে ধরা হলো :

সারণী-৬ : প্রকল্প ভিত্তিক আর্থিক অগ্রগতির বিভাজন

(কোটি টাকায়)

বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত আর্থিক অগ্রগতির (%) শ্রেণীবিভাগ	প্রকল্প সংখ্যা	মোট প্রকল্প সংখ্যার শতকরা হার	মোট সংশোধিত বরাদ্দ	মোট সংশোধিত বরাদ্দের %	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১০০% ও তদূর্ধ্ব	৩৬৪	৩২%	৬৭৫০.২৮	২৯%	প্রশংসনীয়
৯০-৯৯%	২৭১	২৪%	৭৮২৩.৭১	৩৪%	সন্তোষজনক
৭৬-৮৯%	১৪৩	১৩%	৩৫২৪.১৬	১৫%	মোটামুটি সন্তোষজনক
৫১-৭৫%	১৩০	১১%	২৬০৩.৪৫	১১%	সন্তোষজনক নয়
২৬-৫০%	৭২	৬%	৮৭০.৩৪	৪%	
২৫%-তদনিম্ন	৬৬	৬%	১২৫৯.৯০	৫%	হতাশাব্যঞ্জক
০%	৯০	৮%	১৬৮.১৬	১%	
মোট :	১১৩৬*	১০০%	২৩০০০	১০০%	

* উপ-প্রকল্প ৮৫টি এবং খোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ।

সারণী-৭ : প্রকল্প ভিত্তিক বাস্তব অগ্রগতির বিভাজন

(কোটি টাকায়)

বার্ষিক লক্ষ্যমাত্রার তুলনায় অর্জিত বাস্তব অগ্রগতির (%) শ্রেণীবিভাগ	প্রকল্প সংখ্যা	মোট প্রকল্প সংখ্যার শতকরা হার	মোট সংশোধিত বরাদ্দ	মোট সংশোধিত বরাদ্দের %	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১০০% ও তদূর্ধ্ব	৩৯৬	৩৫%	৮২৯৪.৮৯	৩৬%	প্রশংসনীয়
৯০-৯৯%	২১৬	১৯%	৫৬৭৯.২৭	২৫%	সন্তোষজনক
৭৬-৮৯%	১৪৪	১৩%	৩৩২২.৯৫	১৪%	মোটামুটি সন্তোষজনক
৫১-৭৫%	১০২	৯%	২২৯৪.২১	১০%	সন্তোষজনক নয়
২৬-৫০%	৯৬	৮%	১১৬০.৯৯	৫%	
২৫%-তদনিম্ন	৫১	৪%	৩৩২.৪৯	১%	হতাশাব্যঞ্জক
০%	১৩১	১২%	১৯১৯.৬১	৮%	
মোট :	১১৩৬*	১০০%	২৩০০০	১০০%	

* উপ-প্রকল্প ৮৫টি এবং খোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ।

সারণী-৬ ও ৭ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- আলোচ্য অর্থবছরে ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের আওতায় বাস্তবায়নাধীন ১১৩৬টি প্রকল্পের (উপ-প্রকল্প ও অন্যান্য প্রকল্পসহ) মধ্যে ৩৬৪টি প্রকল্পের (মোট প্রকল্পের ৩২%) আর্থিক এবং ৩৯৬টি প্রকল্পের (মোট প্রকল্পের ৩৫%) বাস্তব অগ্রগতি প্রশংসনীয় (১০০% বা তদূর্ধ্ব);
- ২৭১টি প্রকল্পের (মোট প্রকল্পের ২৪%) আর্থিক এবং ২১৬টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৯%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক;

- ১৪৩টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৩%) আর্থিক এবং ১৪৪টি প্রকল্পের (মোট প্রকল্পের ১৩%) বাস্তব অগ্রগতি মোটামুটি সন্তোষজনক;
- ১৩০টি প্রকল্পের (মোট প্রকল্পের ১১%) আর্থিক এবং ১০২টি প্রকল্পের (মোট প্রকল্পের ৯%) বাস্তব অগ্রগতি সন্তোষজনক নয়;
- ৭২টি প্রকল্পে (মোট প্রকল্পের ৬%) সারা বছরে তেমন কোন ব্যয় এবং ৯৬টি প্রকল্পে (মোট প্রকল্পের ৮%) সারা বছরে তেমন কোন কাজ হয় নি এবং
- শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন ৯০টি প্রকল্পের জন্য সংশোধিত এডিপিতে প্রদত্ত মোট বরাদ্দ ১৬৮.১৬ কোটি টাকা (স্থানীয় মুদ্রা ৭৮.৭০ কোটি টাকা) অব্যয়িত থেকে যায় (শূন্য আর্থিক অগ্রগতি সম্পন্ন এ ৯০টি প্রকল্পের তালিকা সংযোজনী-‘P’ তে এবং শূন্য বাস্তব অগ্রগতি সম্পন্ন ১৩১টি প্রকল্পের তালিকা সংযোজনী-‘ছ’ তে দেয়া হলো)। মন্ত্রণালয়/বিভাগ-ওয়ারী প্রকল্প ভিত্তিক বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের বিস্তারিত বিবরণ প্রতিবেদনের সংযোজনী-‘ঙ’-তে দেয়া হয়েছে।

১০। এডিপিভুক্ত প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি :

২০০৮-০৯ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সর্বমোট প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি নীচের সারণী-৮ এ দেখানো হলো :

সারণী-৮ঃ প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতির বিভাজন

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ক্রমপুঞ্জিত ব্যয়ের শতকরা হার	প্রকল্প সংখ্যা		
	মোট (মোট প্রকল্প সংখ্যার %)	সমাপ্ত ঘোষিত	বাস্তবায়নামীন/মেয়াদ বৃদ্ধিকৃত
(১)	(২)	(৩)	(৪)
১০০% ও তদূর্ধ্ব	৭৩ (৬%)	৩৫	৩৮
৯০-৯৯%	১১৮ (১০%)	৬৫	৫৩
৭৬-৮৯%	১০৫ (৯%)	৩৩	৭২
৫১-৭৫%	১৯৮ (১৭%)	২৪	১৭৪
২৬-৫০%	২০৭ (১৮%)	৬	২০১
১%-২৫%	৩৫৯ (৩২%)	৭	৩৫২
০%	৭৬ (৭%)	৩	৭৩
মোট :	১১৩৬* (১০০%)	১৭৩**	৯৬৩

* মূল প্রকল্প ১০৪০, উপ-প্রকল্প ৮৫টি ও খোক বরাদ্দের ১১টি ক্ষেত্রসহ। ** ৫টি উপ-প্রকল্পসহ।

সারণী-৮ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ৭৩টি প্রকল্পের (মোট প্রকল্পের ৬%) প্রাক্কলিত ব্যয়ের সম্পূর্ণ অংশ বা তদূর্ধ্ব ব্যয় হয়েছে;
- ১০০% বা তদূর্ধ্ব আর্থিক অগ্রগতি সম্পন্ন ৭৩টি প্রকল্পের মধ্যে ২০০৮-০৯ অর্থবছরে মাত্র ৩৫টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৩৮টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;

- ৯০-৯৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন ১১৮টি প্রকল্পের মধ্যে ২০০৮-০৯ অর্থবছরে মাত্র ৬টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৫৩টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৭৬-৮৯% আর্থিক অগ্রগতি সম্পন্ন ১০৫টি প্রকল্পের মধ্যে ২০০৮-০৯ অর্থবছরে মাত্র ৩৩টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ৭২টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- ৫১-৭৫% আর্থিক অগ্রগতি সম্পন্ন ১৯৮টি প্রকল্পের মধ্যে ২০০৮-০৯ অর্থবছরে মাত্র ২৪টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়, অবশিষ্ট ১৭৪টি প্রকল্প সংশোধন করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে;
- প্রাক্কলিত ব্যয়ের সর্বোচ্চ ৫০% পর্যন্ত ব্যয় করে ১৩টি প্রকল্পকে সমাপ্ত ঘোষণা করা হয়েছে;
- মোট প্রকল্পের ৭% অর্থাৎ ৭৬টি প্রকল্পের ক্ষেত্রে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ছিল শূন্য। তন্মধ্যে সমাপ্ত ঘোষিত ৩টি প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক এবং বাস্তব অগ্রগতিও শূন্য।

১১। সমাপ্ত প্রকল্প :

১১.১ সমাপ্ত ঘোষিত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি :

২০০৮-০৯ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত বাস্তবায়ন অগ্রগতির তথ্য পর্যালোচনা করলে দেখা যায় যে, মূল এডিপিভুক্ত ৯০৪টি প্রকল্পের মধ্যে ২৪৬টি প্রকল্প (মোট প্রকল্পের ২৭%) জুন ২০০৯ এর মধ্যে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল। কিন্তু এ সব প্রকল্পের মধ্যে ১৪০টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। অবশিষ্ট ১০৬টি প্রকল্পকে সমাপ্ত ঘোষণা না করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। অপরদিকে, আলোচ্য বছরে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল না এমন ৩৩টি প্রকল্পকে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এতে মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা দাঁড়ায় ১৭৩টি (৫টি উপ-প্রকল্পসহ)। কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও ১২৩টি প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য নিম্নের সারণী-৯ এ তুলে ধরা হলো, যার বিস্তারিত বিবরণ সংযোজনী-‘জ’ তে দেখা যেতে পারে।

সারণী-৯ : ২০০৮-০৯ অর্থবছরে সমাপ্ত প্রকল্প সংক্রান্ত চিত্র

সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প সংখ্যা	নির্ধারিত ২৪৬টির মধ্যে জুন '০৯ পর্যন্ত সমাপ্ত প্রকল্প সংখ্যা	লক্ষ্যমাত্রা বহির্ভূত সমাপ্ত প্রকল্প সংখ্যা	মোট সমাপ্ত প্রকল্প সংখ্যা	১০০% কাজ সম্পন্ন হয়েছে এমন প্রকল্প সংখ্যা	কিছু কাজ অসমাপ্ত থাকা সত্ত্বেও সমাপ্ত ঘোষিত প্রকল্প সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৪৬	১৪০	৩৩	১৭৩*	৫০	১২৩

* ৫টি উপ-প্রকল্পসহ।

সারণী-৯ হতে দেখা যায় যে, বাস্তবায়নকারী সংস্থা তথা মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প সমাপ্তির যে প্রক্ষেপণ করা হয় তা অধিকাংশ ক্ষেত্রে অর্জিত হয় না। তাছাড়া, অধিকাংশ ক্ষেত্রে বেশ কিছু কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হয়। এতে প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্যাবলী সম্পূর্ণভাবে অর্জিত হয় না।

১১.২ সমাপ্ত প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয় বিশ্লেষণ :

২০০৮-০৯ অর্থবছরে সমাপ্ত ১৭৩টি প্রকল্পের মূল ও প্রকৃত বাস্তবায়নকাল এবং অনুমোদিত ও প্রকৃত ব্যয়ের চিত্র সারণী-১০ এ উপস্থাপন করা হলো :

সারণী-১০ : ২০০৮-০৯ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের বাস্তবায়নকাল এবং ব্যয়ের চিত্র

(কোটি টাকায়)

২০০৮-০৯ অর্থ বছরে সমাপ্ত প্রকল্প সংখ্যা	নির্ধারিত সময় ও ব্যয়ে সমাপ্ত প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	শুধু প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	শুধু বাস্তবায়ন- কালের অতিক্রান্তি ঘটেছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	ব্যয় ও বাস্তবায়নকাল উভয়ই বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্প সংখ্যা (মোট সমাপ্ত প্রকল্প সংখ্যার %)	সমাপ্ত প্রকল্পের গড় বাস্তবায়ন কাল বৃদ্ধি	সমাপ্ত প্রকল্পের গড় ব্যয় বৃদ্ধি
					বছর (বৃদ্ধির %)	ব্যয় (বৃদ্ধির %)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৭৩*	৪৩ (২৫%)	১৪ (৮%)	৭১ (৪১%)	৪৫ (২৬%)	২.৫৪ (৭৮.৪০%)	২১.৮৮ (৩৩.৪৪%)

* ৫টি উপ-প্রকল্পসহ।

সারণী-১০ এর তথ্য বিশ্লেষণে দেখা যায় যে,

- ১৭৩টি প্রকল্পের মধ্যে বাস্তবায়নকাল বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্পের মোট সংখ্যা ১১৬টি এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে এমন প্রকল্পের মোট সংখ্যা ৫৯টি ;
- সমাপ্ত প্রকল্পের মূল পরিকল্পিত গড় বাস্তবায়নকাল ছিল ৩.২৪ বছর। এর বিপরীতে প্রকৃত গড় বাস্তবায়নকাল দাঁড়িয়েছে ৫.৭৮ বছর। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত বাস্তবায়নকাল গড় পরিকল্পিত বাস্তবায়নকাল থেকে ২.৫৪ বছর (৭৮.৪০%) বৃদ্ধি পেয়েছে ;
- সমাপ্ত প্রকল্পের মূল গড় প্রাক্কলিত ব্যয় ছিল ৬৫.৪১ কোটি টাকা। এর বিপরীতে গড় প্রকৃত ব্যয় হয়েছে ৮৭.২৮ কোটি টাকা। অর্থাৎ প্রত্যেক প্রকল্পের গড় প্রকৃত ব্যয় গড় পরিকল্পিত ব্যয় থেকে ২১.৮৭ কোটি টাকা (৩৩.৪৪%) বৃদ্ধি পেয়েছে।

১২। প্রকল্প অনুমোদন পর্যায় :

২০০৮-০৯ অর্থবছরসহ গত পাঁচ বছরের এডিপিভুক্ত অননুমোদিত প্রকল্পের অনুমোদন অগ্রগতির একটি তুলনামূলক চিত্র সারণী-১১ তে দেয়া হলো :

সারণী-১১ : ২০০৮-০৯ অর্থবছরসহ গত পাঁচ বছরের প্রকল্পের অনুমোদন পর্যায়

